فَلَكَ الْحَمْدُ عَلَى مَكَارِمِكَ الَّتِي لَا تُحْصَى فِي اللَّيْلِ إِذَا

ফালাকাল্ হামদু ‘আলা- মাকা-রিমিকা ল্বাতী- লা- তুহসা- ফিল্ লায়লি ইযা-  
অতএব সকল প্রশংসা তোমারই জন্য তোমার ওই সকল বদান্যতার উপর, যা হিসাব করা যায়না রাতেও যখন

أَدْبَرَ وَالصُّبْحِ إِذَا أَسْفَرَ وَفِي الْبَرِّ وَالْبَحَارِ وَالْغُدُوِّ وَالْأَصَالِ

আদ্বারা ওয়াস্ সুব্বি ইযা- আস্ফারা ওয়া ফিল্ বারুরি ওয়াল্ বি-হারি ওয়াল্ গুদুওভি ওয়াল্ আ-সোয়া-লি  
তা প্রস্থান করে এবং সকালেও যখন তা প্রদীপ্ত হয় । আর স্থল এবং সমুদ্রেও নয় এবং প্রভাতেও নয় এবং সন্ধ্যায়ও নয়,

وَالْعِشِيِّ وَالْإِبْكَارِ وَالظُّهَيْرَةِ وَالْأَسْحَارِ وَفِي كُلِّ جُزْءٍ مِّنْ أَجْزَاءِ اللَّيْلِ وَالنَّهَارِ

ওয়াল্ ‘আশিয়্যি ওয়াল্ ইব্বকা-রি ওয়ায্ যোয়াহী-রাতি ওয়াল্ আস্হা-রি ওয়া ফী- কুল্লি জুযইম্ মিন্ আজ্বা-ইল্ লায়লি ওয়ান্নাহা-র ।  
রাতের প্রথমভাগেও নয় এবং রাতের শেষেও নয়, মধ্যাহ্নেও নয় এবং সেহেরীর সময়েও নয়, তদুপরি রাত ও দিনের অংশগুলোর সকল অংশেও নয় ।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كَالَّذِي تَقُولُ وَخَيْرًا مِمَّا نَقُولُ

আল্লা-হুম্মা লাকাল্ হাম্দু কাল্লামী- তাকু-লু ওয়া খায়রাম্ মিম্মা- নাকু-লু ।  
হে আল্লাহ! সকল প্রশংসা তোমারই জন্য যেমনিভাবে তুমি বলেছো অথবা আমরা যা বলি তার চেয়েও উত্তমরূপে ।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ شُكْرًا وَ لَكَ الْمَنُّ فَضْلًا

আল্লা-হুম্মা লাকাল্ হাম্দু শুক্রাওঁ ওয়া লাকাল্ মান্নু ফাদ্বলা- ।  
হে আল্লাহ! কৃতজ্ঞতা প্রকাশের দিক থেকে সকল প্রশংসার মালিক একমাত্র তুমিই এবং দয়া ও বদান্যতার দিক থেকে সকল অনুগ্রহের মালিক একমাত্র তুমিই ।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهُ وَ لَكَ الشُّكْرُ كُلُّهُ وَ لَكَ الْمُلْكُ كُلُّهُ

আল্লা-হুম্মা লাকাল্ হাম্দু কুল্লুহু- ওয়ালাকাশ শুক্রু কুল্লুহু- ওয়া লাকাল্ মুল্কু কুল্লুহু-  
হে আল্লাহ! সকল প্রশংসা একমাত্র তোমারই, সকল কৃতজ্ঞতা একমাত্র তোমারই জন্য, বিশ্বের সকল মালিকানা একমাত্র তোমারই,

وَ لَكَ الْخَلْقُ كُلُّهُ بِيَدِكَ الْخَيْرُ كُلُّهُ وَ إِلَيْكَ يَرْجِعُ الْأَمْرُ كُلُّهُ

ওয়ালাকাল্ খাল্কু কুল্লুহু- বিইয়াদিকাল্ খায়রু কুল্লুহু- ওয়া ইলায়কা ইয়ার্জি'উল্ আমরু কুল্লুহু-  
সকল সৃষ্টি একমাত্র তোমারই, সকল কল্যাণ তোমারই হৃদয়তের হাতে এবং সকল বিষয় তোমারই নিকট প্রত্যাবর্তিত হবে ।

فَلَكَ الْحَمْدُ عَلَى مَا لَا أَسْتَطِيعُ أَحْصَاءَهُ وَلَا تَعْدِيدَهُ مِنْ عَوَائِدِ

ফালাকাল্ হাম্দু 'আলা- মা-লা- আস্তাত্বী-'উ ইহসোয়া-আহু- ওয়ালা- তা'দী-দাহু- মিন্ 'আওয়া-ইদি  
সুতরাং সকল প্রশংসা তোমারই, তোমার ওই সকল নি'মাতের জন্য, যেগুলো আমি পরিসংখ্যান ও গণনা করতে অক্ষম,

فَضْلِكَ وَ عَوَارِفِ رِزْقِكَ وَ أَلْوَانِ مَا أَوْلَيْتَنِي بِهِ مِنْ رَفْدِكَ

ফাদ্বলিকা ওয়া 'আওয়া-রিফি রিয়ুক্বিকা ওয়া আলওয়ানি-নি মা- আওয়ায়তানী- বিহী- মিররিফ্দিকা  
অর্থাৎ তোমার অগণিত নি'মাতের অনুগ্রহরাজি এবং তোমার অসীম রিয়ক্বের বদান্যতা এবং তুমি আমার প্রতি যা অনুগ্রহরূপ আমাকে দান করেছো তারও ।

فَإِنَّكَ أَنْتَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْفَاشِي فِي الْخَلْقِ حَمْدُكَ

ফাইন্বাকা আনতাল্লা-হু ল্লাযী- লা- ইলা-হা ইল্লা- আনতাল্ ফা-শী- ফিন্ খাল্কি হাম্দুকা  
কেননা তুমিই হলে একমাত্র আল্লাহ, নেই কোন ইলাহ্ তুমি ব্যতিরেকে । একমাত্র তোমারই প্রশংসা সৃষ্টির মধ্যে বিরাজিত

وَالْبَاسِطُ بِالْجُودِ يَدُكَ وَلَا تُضَادُّ فِي حُكْمِكَ وَلَا تُنَازِعُ

ওয়াল বা-সিতু বিল্জু-দি ইয়াদুকা ওয়ালা- তুদ্বোয়া-দু ফী- হুক্মিকা ওয়ালা- তুনা-যা'উ  
এবং তোমারই কুদরতের হস্তদ্বয় বদান্যতাসহ সদা প্রসারিত। আর বিরোধিতা করা যায়না তোমার হুকুমের এবং প্রতিদ্বন্দ্বিতা করা যায়না

فِي سُلْطَانِكَ وَمُلْكِكَ وَأَمْرِكَ وَتَمْلِكُ

ফী- সুল্ ত্বোয়া-নিকা ওয়া মুল্কিকা ওয়া আম্ রিকা ওয়া তাম্ লিকু  
তোমার বাদশাহী, তোমার রাজত্ব ও তোমার নির্দেশের। অনুরূপ সৃষ্টির মধ্যে তুমি যাকে চাও তাকে তোমার

مِنَ الْأَنَامِ مَا تَشَاءُ وَلَا يَمْلِكُونَ مِنْكَ إِلَّا مَا تُرِيدُ

মিনাল্ আনা-মি মা- তাশা-উ ওয়ালা- ইয়াম্ লিকু-না মিন্ কা ইল্লা- মা- তুরী-দ।  
মালিকানাধীন করে নাও এবং সৃষ্টির মধ্যে কেউ কোন কিছু মালিক হতে পারবেনা, কিন্তু একমাত্র তুমি যাকে মালিকানা দিতে চাও (সে ব্যক্তিরকে)।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ وَالْيَكِ الْمُشْتَكِي وَبِكَ الْمُسْتَعَاثُ

আল্লা-হুম্মা লাকাল্ হামদু ওয়া ইলায়কাল্ মুশ্ তাকা- ওয়াবিকাল্ মুস্তা'গা-সু  
হে আল্লাহ্! সকল প্রশংসা একমাত্র তোমারই, তোমারই নিকট ফরিয়াদ, তোমারই নিকট সাহায্য প্রার্থনা করা হয়

وَأَنْتَ الْمُسْتَعَانُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

ওয়া আন্তাল্ মুস্তা'আ-নু ওয়ালা- হাওলা ওয়ালা- কুওয়াতা ইল্লা- বিল্লা-হ।  
এবং একমাত্র তুমিই প্রার্থিত। নেই কোন উপায় গুনাহ্ থেকে বাঁচার এবং নেই কোন শক্তি পুণ্য কাজ করার; কিন্তু একমাত্র আল্লাহ্ তা'আলার তাওফীকু সাপেক্ষে।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ حَمْدًا دَائِمًا مَعَ دَوَامِكَ وَلَكَ الْحَمْدُ حَمْدًا

আল্লা-হুম্মা লাকাল্ হামদু হাম্দান্ দা-ইমাম্ মা'আ দাওয়া-মিকা ওয়ালাকাল্ হামদু হাম্দান্  
হে আল্লাহ্! সকল প্রশংসা তোমারই, যা তোমার বিদ্যমানতার সাথে সদা-সর্বদা বিদ্যমান। সকল প্রশংসা তোমারই,

خَالِدًا مَعَ خُلُودِكَ وَلَكَ الْحَمْدُ حَمْدًا لَا مُنْتَهَى لَهُ دُونَ مَشِيَّتِكَ

খা-লিদাম্মা'আ খুলু-দিকা ওয়া লাকাল্ হামদু হাম্দাল্ লা- মুন্ তাহা- লাহু- দু-না মাশিয়্যাতিকা  
যা চিরস্থায়ী হবে তোমার স্থায়িত্বের সাথে, আর তোমার এমন প্রশংসা, যার কোন সমাপ্তি নেই তোমার ইচ্ছা ব্যতিরেকে

وَلَكَ الْحَمْدُ حَمْدًا دَائِمًا لَا يُرِيدُ قَائِلُهُ إِلَّا رِضَاكَ

ওয়ালাকাল্ হাম্দু হাম্দান্ দা-ইমাল্লা-ইয়রী-দু ক্বা-ইলুহ্- ইল্লা- রিদ্দা-কা  
এবং সকল প্রশংসা তোমারই, যা হবে সদা বিদ্যমান, যার উচ্চারণকারী একমাত্র তোমার সন্তুষ্টি ছাড়া অন্য কিছু চায়না।

وَلَكَ الْحَمْدُ حَمْدًا عِنْدَ كُلِّ طَرْفَةِ عَيْنٍ وَتَنْفُسٍ كُلِّ نَفْسٍ

ওয়ালাকাল্ হাম্দু হাম্দান্ 'ইন্দা কুল্লি ত্বারফাতি 'আয়নিন্ ওয়া তানাফুসি কুল্লি নাফাসিন।  
সকল প্রশংসা তোমারই, চোখের প্রতিটি পলকে এবং প্রতিটি জীবের প্রতি শ্বাস-প্রশ্বাসে।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْحَمْدَ بِاسْتِقَامَةِ التَّسْبِيحِ وَالتَّهْلِيلِ

আল্লা-হুম্মা ইন্নী- আস্আলুকাল্ হামদা বিস্তিক্বা-মাতিত্ তাস্বী-হি ওয়াত্ তাহলী-লি  
হে আল্লাহ! নিশ্চিতভাবে আমি তোমার নিকট প্রার্থনা করছি তোমার প্রশংসা করার তাওফীক্, সঠিকভাবে তাসবীহ্ ও তাহলীল পাঠের তাওফীক্সহ।

وَالْحَمْدُ بِتَحْمِيدِكَ الْحَمْدِ وَالتَّهْلِيلِ بِتَهْلِيلِكَ

ওয়াত্ তাহাম্মুদা বিতাহমী-দিকাল্ হাম্দি ওয়াত্ তাহাল্লুলা বিতাহলী-লিকা  
আরও প্রার্থনা করছি তোমার প্রশংসা করার মাধ্যমে নিজে প্রশংসিত হওয়া, তোমার তাহলীল পাঠ করার মাধ্যমে নিজেকে আলোকিত করা,

وَالتَّكْبُرَ بِتَكْبِيرِكَ الْكَبِيرِ وَالتَّكْمَلَ بِتَكْمِيلِكَ الْأَكْمَلَ

ওয়াত্ তাকাববুরা বিতাক্বী-রিকাল্ কাবী-রি ওয়াত্ তাকাম্মুলা বিতাক্বী-লিকাল্ আক্বমা-লি  
তোমার মহত্বের মহিমা বর্ণনার মাধ্যমে নিজেকে মহিমাশিত করা, তোমার পূর্ণতার কামালিয়াত বর্ণনার মাধ্যমে নিজেকে পূর্ণতা দেয়া,

وَالْإِكْبَارَ بِتَكْبِيرِكَ الْإَكْبَرِ وَالتَّعْظُمَ بِتَعْظِيمِكَ الْعَظِيمِ وَالنُّورَ بِنُورِكَ

ওয়াল্ ইক্বা-রা বিতাক্বী-রিকাল্ আক্বারি ওয়াত্ তা'আযুম্মা বিতা'যী-মিকাল্ 'আযী-মি ওয়ান্ নূ-রা বিনূ-রিকাল্  
তোমার মহত্ব-বড়ত্ব বর্ণনার মাধ্যমে নিজেকে বড় করে তোলা, তোমার সুমহান মর্যাদার বর্ণনার মাধ্যমে নিজেকে সম্মানিত করা, তোমার নুরাজির আলোকরশ্মি দ্বারা

الْأَنْوَرَ وَالرَّءْفَ بِرَأْفَتِكَ الرَّأْفَةِ وَالرَّحْمَ بِرَحْمَتِكَ

আন'ওয়ারি ওয়াররা'ফা বিরা'ফাতিকার রা'ফাতি ওয়াররাহ্মা বিরাহ্মাতিকার রাহ্মাহ্।  
নিজেকে আলোকময় করা, তোমার স্নেহশীলতার করুণা দ্বারা নিজেকে স্নেহময় করা এবং তোমার বিশেষ রহমত ও পরম করুণা দ্বারা নিজেকে দয়ালু করে তোলা।

الرَّحْمَةَ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الرَّدَائِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবির্ রিদা-ই।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি বরকতময় চাদর পরিধানকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সাইয়্যিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْإِزَارِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ইযা-র।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ইযার মুবারক পরিধানকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الصِّدْقِ وَالتَّصْدِيقِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিস্ সিদ্কি ওয়াত্তাস্দী-ক্ব।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সত্যবাদী ও সত্যায়নকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি



وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْأَنْوَارِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ আন্‌ওয়া-র।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি নুররাজির অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْخِلَافَةِ الْعُظْمَىٰ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ খিলা-ফাতিল্ 'ওয়মা-।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সর্বাধিক মহান খিলাফতের অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْمَقَامِ الْأَسْبَقِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ মাক্বা-মিল্ আস্বা-ক্ব।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সর্বাধিক অগ্রবর্তী মক্বামে সমাসীন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

صَاحِبِ السَّرَايَا وَالْعَطَايَا وَالْغَزْوِ وَالْجِهَادِ وَالْمَغْنَمِ وَالْمُقَسَمِ وَالْحَجِّ وَالْحَلْقِ

সোয়া-হিবিল্ সারা-য়া- ওয়াল্ 'আত্বোয়া-য়া- ওয়াল্ গায্‌তি ওয়াল্ জিহা-দি ওয়াল্ মাগ্নামি ওয়াল্ মাক্বসামি ওয়াল্ হাজ্জি ওয়াল্ হালক্বি  
যিনি সৈন্যবাহিনী, দান-দক্ষিণা, গাযওয়া, জিহাদ, গণীমত, গণীমতের বন্টন, হজ্জ, হলক্ব (মাথা মুন্ডানো) সম্পাদনকারী;

والتَّلبِيَةِ صَاحِبِ الصَّفا وَالْمَرْوَةِ صَاحِبِ رَمِي الْجَمَرَاتِ

ওয়াল্‌বিয়াতি সোয়া-হিবিস্ সাফা- ওয়াল্ মার্ওয়াতি সোয়া-হিবি রাময়িল্ জামা-রাতি  
তালবিয়াহ্ পাঠ এবং সাফা-মারওয়ায় সাঈকারী, জামরাতে পাথর নিক্ষেপকারী,

وَصَاحِبِ الْوُقُوفِ بِالْعَرَفَاتِ صَاحِبِ الْوُلْدَانِ وَالْحُورِ وَالْغُرْفِ وَالْقُصُورِ

ওয়া সোয়া-হিবিল্ ওকু-ফি বিল্ আরাফা-তি ওয়া সোয়া-হিবিল্ ভিলদা-নি ওয়াল্ হু-রি ওয়াল্ গুরাফি ওয়াল্ কুসু-রি  
আরাফাত ময়দানে অবস্থানকারী, অনুরূপ যিনি জান্নাতে গিলমান, হুর ও বিলাসবহুল কামরা অটালিকার মালিক,

وَاللِّسَانِ الشُّكُورِ وَالْقَلْبِ الْمَشْكُورِ وَالْعِلْمِ الْمَشْهُورِ وَالْبَنِينَ

ওয়াল্লিসা-নিশ্ শাকু-রি ওয়াল্ ক্বাল্বিল্ মাশকু-রি ওয়াল্ 'আলামিল্ মাশহু-রি ওয়াল্ বানী-না  
আর যিনি শোকর আদায়কারী রসনা ও কৃতজ্ঞতা প্রকাশকারী ক্বলবের অধিকারী, প্রসিদ্ধ পতাকার ধারক ও অসংখ্য ছেলে

وَالْبَنَاتِ صَاحِبِ الرَّأْيِ الْمَنْصُورِ وَالْبَدَنِ الصَّبُورِ وَالْإِسْمِ الْمَذْكُورِ

ওয়াল্ বানা-তি সোয়া-হিবিল্ রা'য়িল্ মানসু-রি ওয়াল্ বাদানিস্ সোয়াবু-রি ওয়াল্ ইস্মিল্ মায়কু-রি  
ও কন্যাসন্তানের অভিভাবক, সর্বদা প্রাধান্যপ্রাপ্ত অভিমতের অধিকারী ও ঐশ্বর্যশীল দেহ মুবারক ও সর্বজন প্রসিদ্ধ ও আলোচিত নাম মুবারকের ধারক,

صَاحِبِ الزَّمْزَمِ وَالْمَقَامِ وَالْمَشْعَرِ الْحَرَامِ صَاحِبِ شَهْرِ رَمَضَانَ

সোয়া-হিবিল্ ঝামঝামি ওয়াল্ মাক্বাম-মি ওয়াল্ মাশ'ইল্ হারা-মি সোয়া-হিবিল্ শাহুরি রামাদ্বা-না  
যিনি ঝমঝম, মক্বাম-এ ইবরাহীম ও মাশ'আরে হারামের মালিক, মাহে রমযানের অধিকারী

وَصَاحِبِ السُّلْطَانِ وَصَاحِبِ الْقَدْحِ وَالرَّكُوتَةِ وَصَاحِبِ الْجِسْمِ الطَّاهِرِ

ওয়া সোয়া-হিবিস্ সুলত্বানা-নি ওয়া সোয়া-হিবিল্ ক্বাদাহি ওয়াররাকওয়াতি ওয়া সোয়া-হিবিল্ জিস্মিত্ত্ব তোয়া-হিরি  
এবং রাজত্ব বা বাদশাহীর মালিক। পেয়ালা ও পানপাত্রের মালিক, পবিত্রতম দেহ

وَالْكَرَمِ الظَّاهِرِ صَاحِبِ الْقَلْبِ الْقَنُوعِ وَالْخُشُوعِ وَالْخُضُوعِ

ওয়াল্ কারামিয্ যোয়া-হিরি সোয়া-হিবিল্ ক্বাল্বিল্ ক্বানু-ই ওয়াল্খুশু-ই ওয়াল্ খুদু-ই  
ও বদান্যতার শীর্ষস্থানে আসীন। অল্পে তুষ্ট, বিনয়ী, নম্র ক্বলবের ধারক,

صَاحِبِ اللَّفْظِ الْوَجِيزِ وَالْجَاهِ الْجَرِيْزِ صَاحِبِ الْعِرْضِ

সোয়া-হিবিল্ লাফযিল্ ওয়াজী-যি ওয়াল্ জা-হিল্ জারী-যি সোয়া-হিবিল্ 'ইরদ্বিল্  
স্বল্পবাক্য দ্বারা অধিক অর্থবোধক বাণী এবং সুমহান সম্মানের অধিকারী,

الْمَصُونِ وَالسِّرِّ الْمَكْنُونِ صَاحِبِ الْيَوْمِ الْأَزْهَرِ

মাসূ-নি ওয়াস্ সিররিল্ মাক্নু-নি সোয়া-হিবিল্ ইয়াউমিল্ আয্ হার।  
সংরক্ষিত সম্মান ও গোপন রহস্যাদির ধারক এবং আলোকময় দিনের মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ قَابِ قَوْسَيْنِ أَوْ أَدْنَى

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ক্বা-বা ক্বাওসায়নি আউ আদনা-।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি দু' ধনুকের নিকটবর্তী অথবা তারও অধিক নিকটতম স্থানের অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الرِّيَاسَةِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ রিয়া-সাহ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি (যাহেরী, বাতেনী) রাজত্বের মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ دَنِي فَتَدَلِّي

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিব দানা- ফাতাদাল্লা- ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি 'দানা-ফাতাদাল্লা' (নিকটবর্তী হয়েছে অতঃপর তারও অধিক নিকটবর্তী হয়েছে)-এর স্তরে অধিষ্ঠিত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْمَنَافِعِ الْمَجْمُوعِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ মানা-ফি'ইল্ মাজ্জমু-'ই ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার বংশধরের প্রতি, যিনি সকল প্রকার উপকারের ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْحُجَجِ الْقَطِيعَةِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ হুজাজিল্ ক্বাতু'ইয়্যাহ্ ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি দ্ব্যর্থহীন দলীল-প্রমাণের ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

مُحَمَّدٍ صَاحِبِ الْأَسْمَاءِ وَالْمُسَمِّيَّاتِ

মুহাম্মাদিন সোয়া-হিবিল্ আস্ মা-ই ওয়াল্ মুসাম্মায়া-ত ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সকল নাম ও নামীয়ের জ্ঞানী ও ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুর্নাদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

مُحَمَّدٍ صَاحِبِ التَّحْمِيدَاتِ الَّتِي لَا نَهَايَةَ لَهَا

মুহাম্মাদিন সোয়া-হিবিত্ তাহম্মী-দা-তি ল্লাতী- লা- নিহা-ইয়াতা লাহা-।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি এমন অগণিত হামদ-এর মালিক যার কখনও অন্ত নেই।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ فِي بَلَائِكَ وَصَنِيْعِكَ إِلَى خَلْقِكَ

আল্লা-হুম্মা লাকাল্ হাম্দু ফী- বালা-ইকা ওয়া সোয়ানী-'ইকা ইলা- খালক্বিকা  
হে আল্লাহ! তোমারই প্রশংসা সদা-সর্বদা তোমার বালা-মুসীবৎ বা পরীক্ষায় এবং সৃষ্টির প্রতি তোমার অনুগ্রহের উপর।

وَلَكَ الْحَمْدُ فِي بَلَائِكَ وَصَنِيْعِكَ إِلَى أَهْلِ بِيُوتِنَا

ওয়া লাকাল্ হাম্দু ফী- বালা-ইকা ওয়া সানী-'ইকা ইলা- আহলি বুয়ু-তিনা-  
অনুরূপ, তোমারই প্রশংসা তোমার নি'মাতরাজির উপর এবং আমাদের পরিবার-পরিজনের প্রতি তোমার কৃত অনুগ্রহরাজির উপর।

وَلَكَ الْحَمْدُ فِي بَلَائِكَ وَصَنِيْعِكَ إِلَى أَنْفُسِنَا خَاصَّةً

ওয়া লাকাল্ হাম্দু ফী- বালা-ইকা ওয়া সানী-'ইকা ইলা- আনফুসিনা- খা-স্সাতাওঁ  
সকল প্রশংসা তোমারই তোমার সকল নি'মাতের উপর এবং আমাদের প্রতি কৃত তোমার বিশেষ অনুগ্রহের উপর।

وَلَكَ الْحَمْدُ بِمَا هَدَيْتَنَا وَلَكَ الْحَمْدُ بِمَا أَكْرَمْتَنَا

ওয়া লাকাল্ হাম্দু বিমা- হাদায়তানা- ওয়ালাকাল্ হাম্দু বিমা- আক্ৰামতানা-  
সকল প্রশংসা তোমারই আমাদেরকে হিদায়ত করার জন্য, সকল প্রশংসা তোমারই- আমাদের প্রতি তুমি যে অনুগ্রহ করেছ তার জন্য।

وَلَكَ الْحَمْدُ بِمَا سَتَرْتَنَا وَلَكَ الْحَمْدُ بِالْقُرْآنِ

ওয়ালাকাল্ হাম্দু বিমা- সাতারতানা- ওয়ালাকাল্ হাম্দু বিল্ কুরআ-নি  
সকল প্রশংসা তোমারই আমাদের দোষ-ত্রুটি গোপন করার জন্য, সকল প্রশংসা তোমারই আমাদের প্রতি ক্বোরআন নাযিলের জন্য,

وَلَكَ الْحَمْدُ بِالْأَهْلِ وَالْمَالِ وَلَكَ الْحَمْدُ بِالْمُعَافَاةِ

ওয়ালাকাল্ হামদু বিল্‌আহলি ওয়াল্‌মা-লি ওয়ালাকাল্‌হামদু বিল্‌মু'আ-ফা-তি  
সকল প্রশংসা তোমারই-আমাদেরকে পরিবার-পরিজন এবং ধন-সম্পদ দেওয়ার জন্য। সকল প্রশংসা তোমারই আমাদেরকে সুস্থতা প্রদানের জন্য।

وَلَكَ الْحَمْدُ حَتَّى تَرْضَى وَلَكَ الْحَمْدُ

ওয়ালাকাল্‌হামদু হাত্তা- তার্‌দ্বা- ওয়ালাকাল্‌ হাম্‌দু  
সকল প্রশংসা তোমারই যাতে তুমি আমাদের প্রতি সন্তুষ্ট হও এবং সকল প্রশংসা তোমারই

إِذَا رَضِيتَ يَا أَهْلَ التَّقْوَى وَأَهْلَ الْمَغْفِرَةِ ٥

ইয়া- রাঈ-তা ইয়া- আহলাত্‌তাক্বুওয়া- ওয়া আহলাল্‌ মাগ্‌ফিরাহ্‌ ।  
যখন তুমি আমাদের প্রতি সন্তুষ্ট হয়েছ, হে তাক্বুওয়ার মালিক, ওহে ক্ষমার একমাত্র অধিকারী।

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ مِثْلَ مَا حَمِدْتُ بِهِ نَفْسَكَ وَحَمْدَكَ

আল্লা-হুম্মা লাকাল্‌হামদু মিস্‌লা মা- হামিদ্‌তা বিহী- নাফ্‌সাকা ওয়া হামিদাকা  
হে আল্লাহ! সকল প্রশংসা তোমারই, যেমনিভাবে তুমি তোমার স্বীয় যাতে পাকের প্রশংসা করেছো, যেমনিভাবে তোমার প্রশংসা করেছো,

بِهِ الْحَامِدُونَ وَمَجِّدَكَ بِهِ الْمُمَجِّدُونَ وَكَبَّرَكَ بِهِ الْمُكَبِّرُونَ

বিহিল্‌ হা-মিদু-না ওয়া মাজ্জাদাকা বিহিল্‌ মুমাজ্জিদু-না ওয়া কাববারাকা বিহিল্‌ মুকাবিবরু-না  
প্রশংসাকারীগণ, যেমনিভাবে তোমার মহিমা বর্ণনা করেছে মহিমা বর্ণনাকারীগণ, যেমনিভাবে তোমার মহত্ব বর্ণনা করেছে মহত্ব বর্ণনাকারীগণ,

وَهَلَّلَكَ بِهِ الْمُهَلِّلُونَ وَوَحَّدَكَ بِهِ الْمُوَحِّدُونَ

ওয়া হাল্লালাকা বিহিল্‌ মুহাল্লিলু-না ওয়া ওয়াহ্‌হাদাকা বিহিল্‌ মুয়াহ্‌হিদু-না  
যেমনিভাবে তোমার তাহলীল পাঠ করেছে তাহলীল পাঠকগণ, যেমনিভাবে তোমার তাওহীদের বর্ণনা করেছে তাওহীদের বর্ণনাকারীগণ,

وَقَدَّسَكَ بِهِ الْمُقَدِّسُونَ وَعَظَّمَكَ بِهِ الْمُعَظِّمُونَ

ক্বাদ্দাসাকা বিহিল্‌ মুক্বাদ্দিসু-না ওয়া 'আয্‌যোয়ামাকা বিহিল্‌ মু'আয্‌যিমু-না  
যেমনিভাবে তোমার পবিত্রতা বর্ণনা করেছে, পবিত্রতা বর্ণনাকারীগণ, যেমনিভাবে তোমার প্রতি সম্মান প্রদর্শন করেছে সম্মান প্রদর্শনকারীগণ,



بِمَسَائِلِكَ وَأَرْغَبُ إِلَيْكَ فِي بَرَكَةِ مَا أَنْطَقْتَنِي بِهِ مِنْ

বিমাসা-ইলিকা ওয়া আর্গাবু ইলায়কা ফী- বারাকাতি মা- আনত্বাক্বতানী- বিহী- মিন্  
তোমার নিকট আমার চাহিদাসমূহ ও প্রয়োজনাদির জন্য প্রার্থনা করার তাওফীক্ব এবং আমি তোমার প্রতি আগ্রহী ও প্রত্যাশী

حَمْدِكَ فَمَا أَيْسَرَ مَا كَلَّفْتَنِي بِهِ مِنْ حَقِّكَ

হাম্দিকা ফামা- আয়সারা মা- কালাফতানী- বিহী- মিন্ হাক্বক্বিকা  
তোমার প্রশংসার ওই বরকতরাজির জন্য, যা তুমি আমাকে দান করেছ এ হামদমালা পাঠ করার ফলে। তোমার হক্ব বা অধিকারের তুলনায় তা কতই নগণ্য,

وَأَعْظَمَ مَا وَعَدْتَنِي بِهِ عَلَى شُكْرِكَ

ওয়া আ'যোয়ামা মা- ওয়া'আদ্তানী- বিহী- 'আলা- শুক্বরিকা  
যা তুমি আমাকে আদায় করার নির্দেশ দিয়েছ আর তোমার শোকর আদায়ের বিনিময়ে তুমি আমাকে যে প্রতিদান প্রদানের প্রতিশ্রুতি দিয়েছ তা কতবেশী!

إِبْتَدَأْتَنِي بِالنِّعَمِ فَضْلاً وَطَوَّلاً وَآمَرْتَنِي بِالشُّكْرِ

ইবতাদা'তানী- বিন্ নি'আমি ফাদ্বলাওঁ ওয়া ত্বাওলাওঁ ওয়া আমারতানী- বিশ্শুক্বরি  
প্রথমে তুমি আমাকে নি'মাতরাজি দ্বারা ধন্য করেছো তোমার একমাত্র করুণা ও অনুগ্রহের কারণে। অতঃপর তুমি আমাকে নির্দেশ দিয়েছো তোমার শোকর আদায়ের,

حَقًّا وَعَدْلاً وَوَعَدْتَنِي عَلَيْهِ أضعافاً وَمَزِيداً وَاعْطَيْتَنِي مِنْ

হাক্বক্বাওঁ ওয়া 'আদলাওঁ ওয়া ওয়া'আত্তানী- 'আলায়হি আদ্'আ-ফাওঁ ওয়া মাযী-দাওঁ ওয়া আ'ত্বায়তানী- মিন্  
যা তোমার হক্ব ও ইনসাফ, এরপর আবার তুমি আমাকে প্রতিশ্রুতি দিয়েছ এর (শোকর) বিনিময়ে কয়েকগুণ অধিক ও বিপুল পরিমাণে প্রতিদানের।

رِزْقِكَ إِخْتِيَاراً وَرِضَاءً وَسَأَلْتَنِي مِنْهُ شُكْرًا يَسِيرًا صَغِيرًا

রিয্কিকা ইখ্তিয়া-রাওঁ ওয়া রাদ্বা-আওঁ ওয়াসাআলতানী- মিন্ছ শুক্বরাইঁ ইয়াসী-রান্ সোয়াগী-রান্  
আর তুমি আমাকে দান করেছ তোমার রিয়ক্ব্ব খেচ্ছায় ও খুশিমনে এবং এর বিনিময়ে তুমি আমার নিকট তলব করেছো সামান্য ও অল্পমাত্র শোকর।

إِذْ نَجَّيْتَنِي وَعَافَيْتَنِي مِنْ جُهْدِ الْبَلَاءِ وَلَمْ تُسَلِّمْنِي لِسُوءِ

ইয্ নাজ্জায়তানী- ওয়া 'আ-ফায়তানী- মিন্ জুহ্দিল্ বালা-ই ওয়ালাম্ তুসাল্লিম্নী- লিসূ-ই  
যেহেতু তুমি আমাকে মুক্তি দিয়েছ এবং সুস্থতা দান করেছ কঠিন বিপদ থেকে এবং তুমি আমাকে সোপর্দ করনি



قَضَائِكَ وَبَلَائِكَ وَجَعَلْتَ مَلْبَسِي الْعَافِيَةَ وَأَوْلَيْتَنِي

ক্বাদ্বা-ইকা ওয়া বালা-ইকা ওয়া জা'আলতা মালবাসিল্ 'আ-ফিয়াতা ওয়া আওলায়তানী-  
তোমার কঠিন ফয়সালা ও বালা-মুসীবতের দিকে, আর করে দিয়েছ সুস্থতাকে আমার পরিধেয় এবং দান করেছ

بِالْبُسْطَةِ وَالرِّخَاءِ وَسَوَّغْتَ لِي فِي الدَّارَيْنِ قَصْدَ الْفِعْلِ

বিল্বাস্ত্বাত্তি ওয়ার্ রাখা-ই ওয়া সাউওয়াগতা লী- ফিদ্বা-রায়নি ক্বাস্দাল্ ফি'লি  
আমাকে প্রশস্ততা ও প্রফুল্লতা, সহজ করে দিয়েছে দুনিয়া-আখিরাতে আমার জন্য সৎকর্মের ইচ্ছাকে,

تَيْسِيرًا وَضَاعَفْتَ لِي أَشْرَفَ الْفِعْلِ وَالْمَزِيدَ مَعَ مَا وَعَدْتَنِي بِهِ

তায়সী-রাওঁ ওয়া দ্বোয়া-'আফতা লী- আশরাফাল্ ফি'লি ওয়াল্মাযী-দা মা'আ মা- ওয়া 'আদতানী- বিহী-  
ভাল-উন্নত আমাকে আমার জন্য কয়েকগুণ বৃদ্ধি করে দিয়েছ এবং অধিকহারে আমাকে দান করেছ এবং পাশাপাশি আমাকে প্রতিশ্রুতি দিয়েছে

مِنَ الْمَحَبَّةِ الشَّرِيفَةِ وَأَبْشَرْتَنِي بِهِ مِنَ الدَّرَجَةِ الرَّفِيعَةِ

মিনাল্ মাহাব্বাতিশ্ শারী-ফাতি ওয়া আব'শারতানী- বিহী- মিনাদ্দারাজাতির্ রাফী-'আতি  
অভিজাতপূর্ণ ভালবাসার, আর আমাকে সুসংবাদ দিয়েছ এসব নি'মাতের সাথে উচ্চ স্থান ও মর্যাদারও।

وَأَصْطَفَيْتَنِي بِأَعْظَمِ النَّبِيِّينَ دَعْوَةً وَارْفَعِهِمْ دَرَجَةً وَافْضَلِهِمْ

ওয়াস্ত্বোয়াফায়তানী- বিআ'যোয়ামিন্ নাবিয়্যী-না দা'ওয়াতাওঁ ওয়া আরফা'ইহিম্ দারাজাতাওঁ ওয়া আফ্দ্দালিহিম্  
আমাকে চয়ন করে নিয়েছ সর্বশ্রেষ্ঠ নবীর (দাওয়াত কবুলকারী) উম্মত হিসেবে, যিনি নবীগণের মধ্যে সর্বাধিক মর্যাদাপূর্ণ,

لَنَا شَفَاعَةً وَأَوْضَحِهِمْ حُجَّةً وَأَقْرَبَهُمْ مَّنْزِلَةً مُحَمَّدٍ صَلَّى

লানা- শাফা-'আতাওঁ ওয়া আওদ্বোয়াহিহিম্ হুজ্জাতাওঁ ওয়া আক্বুরাবিহিম্ মান'যিলাতাম্ মুহাম্মাদিন্ সাল্লা  
আমাদের জন্য সর্বোত্তম শাফা'আতকারী, সর্বাধিক সুস্পষ্ট দলিল-প্রমাণধারী এবং আল্লাহ তা'আলার নিকট সর্বাধিক নৈকট্যের স্থানে সমাসীন তথা হযরত মুহাম্মদ

اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَمِيعِ الْأَنْبِيَاءِ وَالْمُرْسَلِينَ وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ

ল্লা-হ্ 'আলায়হি ওয়া সাল্লামা ওয়া জামী'ইল্ আযিয়া-ই ওয়াল্ মুরসালী-না ওয়া 'আলা- 'ইবা-দিলা-হিস্ সোয়া-লিহী-না  
মোস্তফার উপর দরদ ও সালাম বর্ষিত হোক তাঁর প্রতি এবং সকল নবী-রাসুলের প্রতি ও আল্লাহ তা'আলার সকল সৎকর্মপরায়ণ বান্দার প্রতি,

الْحَمْدُ لِلَّهِ عَدَدَ مَا خَلَقَ وَالْحَمْدُ لِلَّهِ عَدَدَ مَا فِي الْأَرْضِ وَالسَّمَاءِ

আলহামদু লিল্লা-হি 'আদাদা মা- খালাক্বা ওয়ালহামদু লিল্লা-হি 'আদাদা মা- ফিল্ আরদি ওয়াসসামা-ই 'আলহামদু লিল্লাহ্' সকল সৃষ্টির সংখ্যানুসারে, 'আলহামদুলিল্লাহ্' আসমান-যমীনের মধ্যে যা কিছু বিদ্যমান, তার সমপরিমাণ।

وَالْحَمْدُ لِلَّهِ مِثْلَ مَا فِي الْأَرْضِ وَالسَّمَاءِ وَالْحَمْدُ لِلَّهِ عَدَدَ مَا أَحْصَى كِتَابُهُ

ওয়ালহামদু লিল্লা-হি মিল্লাআ মা- ফিল্ আরদি ওয়াস সামা-ই ওয়াল হামদু লিল্লা-হি 'আদাদা মা- আহসোয়া- কিতা-বুহু- 'আলহামদুলিল্লাহ্' আসমান-যমীনের মধ্যস্থিত শূন্যস্থানকে পূর্ণকারী সকল বস্তুর সমপরিমাণ, 'আলহামদুলিল্লাহ্' আল্লাহর সকল কিতাবে যা কিছু শামিল করা হয়েছে তার সমপরিমাণ,

وَالْحَمْدُ لِلَّهِ عَدَدَ كُلِّ شَيْءٍ وَالْحَمْدُ لِلَّهِ مِثْلَ كُلِّ شَيْءٍ

ওয়ালহামদু লিল্লা-হি 'আদাদা কুল্লি শায়ইন ওয়ালহামদু লিল্লা-হি মিল্লাআ কুল্লি শায়ইন। 'আলহামদুলিল্লাহ্' সকল কিছুর সমপরিমাণ এবং 'আলহামদুলিল্লাহ্' কিছুকে পরিপূর্ণকারীর সমপরিমাণ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الضَّرِيفِ الشَّرِيفِ وَعَالِي الْقَدْرِ الْمُنِيفِ

মুহাম্মাদিন সোয়া-হিব্বিদ্ দ্বারী-ফিশ্ শারী-ফি ওয়া 'আ-লিল্ ক্বাদরিল্ মুনী-ফ। হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অভিজাত স্থানের মালিক এবং সর্বোচ্চ সম্মান ও সর্বাধিক মর্যাদাপূর্ণ স্থানের অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْحُجْرَةِ وَوَلِيِّ النَّظَرَةِ وَعَظِيمِ الْفِطْرَةِ

মুহাম্মাদিন সোয়া-হিব্বিল্ হজুরাতি ওয়া ওয়ালিয়্যিন্ নাযুরাতি ওয়া 'আযী-মিল্ ফিতুরাহ্। হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি বিশেষ হজুরা শরীফের মালিক, দয়া বা কৃপাদৃষ্টির মালিক এবং উন্নত ফিতরাৎ বা স্বভাবের অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الرَّوْضَةِ الزَّكِيَّةِ الصَّفِيَّةِ الْهَيْئَةِ الرَّضِيَّةِ

মুহাম্মাদিন সোয়া-হিবির্ রাওদ্বাতিয্ যাকিয়্যাতিস্ সফিয়্যাতিল্ হানিয়্যাতির্ রাদ্বিয়্যাহ্ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পবিত্র, বিশুদ্ধ, সুদর্শন ও সর্বজন প্রিয় রাওযা শরীফের মালিক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْحَضْرَةِ وَالْجَوْهَرَةِ الْبَاصِرَةِ

মুহাম্মাদিন সোয়া-হিবি হাছ রাতি ওয়াল্ জাওহারাতিল্ বা-সিরাহ্ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আল্লাহ তা'আলার মহান পবিত্র দরবারেও মালিক এবং মৌলিক পূর্ণাঙ্গ অন্তর্দৃষ্টি সম্পন্ন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْبُقْعَةِ الَّتِي فَاقَتْ الْجَنَانَ

মুহাম্মাদিন সোয়া-হিবিল্ বুক্ব 'আতিল্লাতী- ফা-ক্বাতিল্ জিনা-ন ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি এমন এক মহিমান্বিত স্থানের মালিক যে স্থানটি জান্নাতুলোর চেয়েও অধিক পবিত্র ও সম্মানিত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْقَرْيَةِ وَالْخِطَابَةِ

মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ক্বার ইয়াতি ওয়াল্ খিতৈয়া-বাহ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি মহিমাশিত নগরী (মদীনা মুনাওয়ারাহ)র মালিক এবং খুত্বা প্রদানকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الزُّلْفَةِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ যুল্ ফাহ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অতি নিকটতম স্থানের অধিকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَكْرَمُنَا رَسُولُ صَاحِبِ الشَّرِيعَةِ آخِرُ عَزِيزُ اللَّهِ

আক্রামুনা- রাসূ-লুন্ সোয়া-হিবুল্ শারী-'আতি আ-খিরুন্ 'আযী-যুল্লা-হ ।  
যিনি আমাদের সকলের চেয়ে অধিক সম্মানিত, রাসূল, শরীয়তের প্রবর্তক, সর্বশেষ (নবী-রাসূল) আল্লাহ তা'আলার নিকট অত্যন্ত প্রিয় ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْبُعُوثِ وَالْجُنُودِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ বু'উ-সি ওয়াল্ জুনূ-দ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি যুদ্ধাভিযান প্রেরণকারী এবং অসংখ্য সৈন্যের অধিপতি ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ اللِّوَاءِ الْمُنِيرِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ লিওয়া-ইল্ মুনী-র।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আলোকময় পতাকার অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْأَسْرَارِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ আসরা-র।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি রহস্যাদির ধারক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ النُّعْلَيْنِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিন্ না'লায়-ন।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পাদুকা মুবারক পরিধানকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْآيَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ আ-য়া-ত ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অগণিত নিদর্শনের ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الدَّلَالَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ দালা-লা-ত ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি বিভিন্ন কৌশল ও পদ্ধতি দ্বারা হেদায়তকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْإِشَارَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ইশ-রা-ত ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ইশারা-ইঙ্গিতের মালিক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْكِرَامَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ কারা-মা-ত ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অসংখ্য কারামত ও কামালাত-এর ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْعَلَمَاتِ الْبَاهِرَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ 'আলা-মা-তিল্ বা-হিরা-ত।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সুস্পষ্ট নিদর্শনাদির মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْبَيِّنَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ বায়্যিনা-ত।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সুস্পষ্ট প্রমাণাদির অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ خَوَارِقِ الْعَادَاتِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ খাওয়া-রিক্বিল্ 'আ-দা-ত।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অসংখ্য মু'জিযার ধারক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الضَّرَاعَةِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিব্বিদ্ব ছোরা-'আহ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আল্লাহ তা'আলার দরবারে স্বীয় উম্মতের মাগফিরাতের জন্য ক্রন্দনকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ السِّيفِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিব্বিস্ সায-ফ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তরবারির ধারক।

اللَّهُمَّ إِنَّا نَعُوذُ بِكَ مِنَ الْكُرْبَةِ وَالْقُرْبَةِ وَاحْفَظْنِي يَا حَفِظًا يَا وَكِيلُ

আল্লা-হুম্মা ইন্না- না'উ-যুবিকা মিনাল্ কুর্বাতি ওয়াল্ কিব্বাতি ওয়াহুফায্নী- ইয়া- হাফী-যু ইয়া- ওয়াকী-লু  
হে আল্লাহ! আমরা তোমার নিকট আশ্রয় কামনা করছি বলা-মুসীবত ও কষ্ট থেকে। আমাকে হেফায়ত করো হে সর্বাধিক রক্ষক, হে সর্বোত্তম তত্ত্বাবধায়ক!

مِنْ بَيْنِ يَدَيْ وَمِنْ خَلْفِي وَعَنْ يَمِينِي وَعَنْ شِمَالِي وَمِنْ فَوْقِي وَمِنْ تَحْتِي

মিম্বায়নি ইয়াদাইয়া ওয়া মিন্ খাল্ফী- ওয়া 'আই ইয়ামী-নী ওয়া 'আন্ শিমা-লী- ওয়া মিন্ ফাওক্বী- ওয়া মিন্ তাহ্তী-  
আমার সামনে পেছনে, ডানে-বামে, উপরে-নিচে তথা সর্বদিক থেকে

بِوَجُودِ شُهُودٍ حَفِيزٍ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ وَأَعِيدْ نَفْسِي

বিওজু-দি শুহু-দি হাফী-যি ইয়াহুফাযু-নাহু- মিন্ আম্বরিন্না-হি ওয়া উ'ঈ-যু নাফসী-  
এমন কিছু সংখ্যক সাক্ষী ও রক্ষাকারীর উপস্থিতির মাধ্যমে, যারা এ বান্দাকে নিরাপত্তা দেবে আল্লাহর হুকুমে। আর আমি আশ্রয়ে দিচ্ছি আমাকে,

وَرُوحِي وَبَدَنِي وَأَهْلِي وَأَوْلَادِي وَمَالِي وَعِيَالِي وَمَا أُغْلِقْتُ عَلَيْهِ أَبْوَابِي

ওয়া রু-হী- ওয়া বাদানী- ওয়া আহলী- ওয়া আওলা-দী- ওয়ামা-লী- ওয়া 'ইয়ালী ওয়ামা উগলিক্বাত্ আলায়হি আব্বওয়া-বী  
আমার রুহ, দেহ, পরিবার-পরিজন, সন্তান-সন্ততি, ধন-সম্পদ, আপনজনদেরকে এবং যার উপর আমার দরজাগুলো বন্ধ করা হয় তা,



وَاحَاطَتْ بِهِ جُدْرَانِي وَجَمِيعَ مَا اتَّقَلَّبُ فِيهِ مِنْ نِعَمِ اللَّهِ تَعَالَى وَاحْسَانِهِ

ওয়া আহাত্বোয়াতবিহী জুদরানী ওয়া জামী-ই মা-আতাক্বান্নাবু ফী-হি মিন্ নি'আমিল্লা-হি তা'আ-লা- ওয়া ইহসা-নিহী-  
আমার দেয়ালসমূহ যে সকল বস্তুকে বেঁটন করে রেখেছে তা, আর আমি আল্লাহ্ তা'আলার যত প্রকার নি'মাত ও অনুগ্রহরাজি ভোগ করছি তা

وَجَمِيعَ أُمُورِي وَخَوَاتِيمِ عَمَلِي بِاللَّهِ وَبِأَسْمَائِهِ الْحُسْنَى وَصِفَاتِهِ الْعُلْيَا

ওয়া জামী-ই উমূ-রী- ওয়া খাওয়াতী-মি 'আমালী- বিল্লা-হি ওয়া বিআসমা-ইহিল্ হুসনা- ওয়া সিফা-তিহিল্ 'উল্ইয়া-  
এবং আমার সকল বিষয় ও জীবনের সর্বশেষ আমলকে মহান আল্লাহ, তঁার সুন্দরতম নামাবলী ও মহান গুণাবলীর নিকট,

مِنْ شَرِّ مَا خَلَقَ وَمِنْ شَرِّ كُلِّ طَارِقٍ إِذَا طَرَقَ

মিন্ শার'রি মা- খালাক্বা ওয়া মিন্ শার'রি কুল্লি ত্বোয়া-রিক্বিন্ ইয়া- ত্বোয়ারাক্বা  
ওই সকল বস্তুর অনিষ্ট থেকে, যা তিনি সৃষ্টি করেছেন এবং ওই সকল রাতে আগমনকারীর অনিষ্ট থেকে, সে রাতে যখন আগমন করে।

﴿قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ ﴿١﴾ مِنْ شَرِّ مَا خَلَقَ ﴿٢﴾ وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا

কুল্ আ'উযু- বিরাবিবল্ ফালাক্বি মিন্ শার'রি মা- খালাক্বা ওয়া মিন্ শার'রি গা-সিক্বিন্ ইয়া-  
﴿আপনি বলুন, আমি আশ্রয় নিচ্ছি প্রভাতের রবের, তঁার সৃষ্টিকুলের অনিষ্ট থেকে এবং অন্ধকারাচ্ছন্নকারীর অনিষ্ট থেকে,

وَقَبَ ﴿٣﴾ وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ ﴿٤﴾ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ﴿٥﴾

ওয়াক্বাবা ওয়া মিন্ শার'রিন্ নাফ্ফা-সা-তি ফিল্ 'উক্বাদি ওয়া মিন্ শার'রি হা-সিদিন্ ইয়া- হাসাদ্ ।  
যখন সেটা অন্তমিত হয় এবং ওইসব নারীর অনিষ্ট থেকে যারা গ্রন্থিসমূহে ফুৎকার দেয় আর প্রত্যেক হিংসূকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।

وَمِنْ شَرِّ كُلِّ ذِي شَرٍّ وَبَلَاءٍ وَآفَةٍ وَعَاهَةٍ وَمِحْنَةٍ وَعِلَّةٍ وَأَمْرَاضٍ وَأَسْقَامٍ

ওয়া মিন্ শার'রি কুল্লি যী- শার'রিও ওয়া বালা-ইও ওয়াআ-ফাতিও ওয়া 'আ-হাতিও ওয়া মিহনাতিও ওয়া ইল্লাতিও ওয়া আমরা-দিও ওয়া আসক্বা-মিও  
অনুরূপ সকল ক্ষতিকারকের ক্ষতি থেকে, সকল বালা-মুসীবত, বিপদাপদ, দোষ-ত্রুটি, কষ্ট, অসুস্থতা, রোগ-ব্যাদি, ব্যাধা,

وَالْإِمِّ وَأَوْجَاعٍ وَمُصِيبَةٍ وَحَادِثَةٍ وَزُلْزَلَةٍ وَوَبَاءٍ وَغَرَقٍ وَحَرْقٍ وَجُوعٍ وَعَطَشٍ

ওয়া আ-লা-মিও ওয়া আওজা-ইও ওয়া মুসী-বাতিও ওয়া হা-দিসাতিও ওয়া যালযালাতিও ওয়া ওয়াবা-ইও ওয়াগার'ক্বিও ওয়া হার'ক্বিও ওয়াজু-ইও ওয়া 'আত্বাশিও  
কষ্ট, মুসীবত, দুর্ঘটনা, ভূমিকম্প, মহামারি, ডুবে যাওয়া, জ্বলে যাওয়া, ক্ষুধা, পিপাসা,

وَعَمِّ وَهُمْ وَضَلَالَةٍ وَغَارَةٍ وَمِنْ مَصَائِبِ الدُّنْيَا وَاحْزَانِهَا وَشِدَّةِ فِي الدَّارَيْنِ

ওয়া গাম্বিও ওয়া হাম্বিও ওয়া ছা-লা-লাতিও ওয়া গা-রিতিও ওয়া মিম্ মাসোয়া-ইবিদ্ দুইয়া- ওয়া আহ্যা-নিহা- ওয়া শিদ্দাতিন্ ফিদদা-রায়নি চিন্তা-পেরেশানী, গোমরাহী ও লুটপাট থেকে এবং দুনিয়ার সকল মুসীবত ও পেরেশানী থেকে আর উভয় জগতের কঠোরতা থেকে।

وَاحْتَرَزْتُ مِنْ جَمِيعِ اَعْدَائِي بِوَجْهِ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْبَاقِي بَعْدَ فَنَاءِ خَلْقِهِ

ওয়াহ্তারায়তু মিন্ জামী'ই আ'দা-ঈ- বিওয়াজ্জিহ্ ল্লাযী- লা- ইলা- ইল্লা- হ্যাল বা-ক্বী- বা'দা ফানা-ই খাল্ক্বিহী- আমি নিরাপদ আশ্রয় গ্রহণ করেছি আমার সকল শত্রু থেকে ওই মহান যাতে থাকের, যিনি ছাড়া অন্য মা'বুদ নেই, যিনি চিরবিদ্যমান থাকবেন তাঁর সকল সৃষ্টির ধ্বংসের পরও।

أَيُّهَا الْمُرِيدُ بِنَا سُوءَ أَيُّهَا الْمَحِيقُ لَنَا شَرًّا أَيُّهَا الْمَكِيدُ بِنَا إِسَاءَةً

আইয়্যুহাল্ মুরী-দু বিনা- সূ-আন্ আইয়্যুহাল্ মুহী-ক্ব লানা- শাররান্ আইয়্যুহাল্ মুক্বী-দু বিনা- ইসা-আতান্ হে আমার ক্ষতিসাধন করতে আগ্রহী, হে আমার প্রতি মন্দকে লেলিয়ে দিতে ইচ্ছুক, হে আমাকে অপমান করার সড়যন্ত্রকারী,

﴿ إِنِّي أَعُوذُ بِالرَّحْمَنِ مِنْكَ إِنْ كُنْتَ تَقِيًّا لَهُ ﴾ اسْتَرْتُ مِنْكَ بَسْتِرُ

ইন্নী- আ'উ-যু বিররাহ্মা-নি মিন্কা ইন্ কুন্তা তাক্বীয়্যা-। ইস্তাতারতু মিন্কা বিসিত্রিন্ আমি তোমার থেকে মহান দয়ালুর আশ্রয় গ্রহণ করছি যদি তুমি খোদাতীক্ হয়ে থাকো। আমি তোমার নিকট থেকে পর্দা করছি

النُّبُوَّةِ وَالْأَمَانِ الَّذِي سَتَرَ اللَّهُ بِهِ الْأَنْبِيَاءَ مِنَ الْفِرَاعِنَةِ

নুবুওয়াতি ওয়াল্ আমা-নি ল্লাযী- সাতারাল্লা-হ্ বিহিল্ আশিয়া-আ মিনাল্ ফারা-ইনাতি নুবুওয়ত ও নিরাপত্তার এমন পর্দা দ্বারা, যা দ্বারা আল্লাহ্ তা'আলা তাঁর নবীগণ আলায়হিমুস্ সালামকে যুগের ফেরা'আউনদের থেকে পর্দা করেছিলেন বা আড়াল রেখেছিলেন।

جِبْرَائِيلُ عَنِ يَمِينِي وَمِيكَائِيلُ عَنِ يَسَارِي وَمُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ

জিব্রা-ঈ-লু 'আই ইয়ামী-নী- ওয়া মী-কা-ঈ-লু 'আই ইয়াসা-রী- ওয়া মুহাম্মাদুন্ সাল্লাল্লা-হ্ 'আলায়হি ওয়া আ-লিহী- হযরত জিব্রাঈল আমার ডানে ও হযরত মীকাঈল আমার বামে এবং হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়া আ-লিহী

وَسَلَّمَ أَمَامِي وَالشَّيْخُ مُحَمَّدُ عَبْدُ الْقَادِرِ قُدْرَتِي وَأَمَامِي وَاللَّهُ تَعَالَى يُجْزِي الْأَعْدَاءَ عَنِّي

ওয়া সাল্লামা আমা-মী- ওয়াশশায়খু মুহিয়াদ্দী-নিশ্ শায়খু 'আব্দুল্ ক্বা-দিরি ক্বুদওয়াতী- ওয়া ইমা-মী- ওয়াল্লা-হ্ তা'আলা- ইয়ুজ্বিল্ আ'দা-আ 'আনী-। ওয়াসাল্লামা আমার সম্মুখে আছেন, আর হযরত শেখ মুহিউদ্দীন আবদুল ক্বাদের জিলানী আমার অনুকরণীয় ও ইমাম। আর আল্লাহ্ তা'আলা শত্রুদের অনিষ্ট থেকে রক্ষা করার জন্য যথেষ্ট।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْمَقْتِ وَالْمَسْكِنَةِ وَأَعُوذُ بِكَ مِنْ مَدِّكَ

আল্লা-হুম্মা ইন্নী- আ'উ-যুবিকা মিনাল্ মাক্কাতি ওয়াল্মাস্কানাতি ওয়া আ'উ-যুবিকা মিম্মাদ্দিকা হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় গ্রহণ করছি অসম্ভব ও দারিদ্র থেকে এবং আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি তোমার শাস্তি থেকে

وَأَعُوذُ بِكَ مِنْ رَدِّكَ وَكَافِي يَا كَافِي يَا شَافِي الْأَنْكَارِ

ওয়া আ'উ-যু বিকা মিররাদ্দিকা ওয়াক্ফিনী- ইয়া- কা-ফী- ইয়া- শা-ফিয়াল্ আনকা-রি ও আমি তোমার নিকট পানাহ চাই তোমার পক্ষ থেকে প্রতিহত করা থেকে। আর আমাকে পর্যাণ্ত করে দাও হে পর্যাণ্ত দাতা। হে আরোগ্যদাতা অপছন্দনীয় কার্যকলাপ

وَالْأَعْدَاءِ وَالْأَسْوَأِ بِعَوَائِدِ فَوَائِدِ ﴿لَوْ أَنْزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَى جَبَلٍ﴾

ওয়াল্ আ'দা-ই ওয়াল্ আসওয়া-ই বি'আওয়া-ইদা ফাওয়া-ইদা ক্বলাও আনযালনা- হা-যাল্ কুরআ-না 'আলা- জাবালিল্ এবং শক্র ও দুষ্টলোকদেরকে বদ অভ্যাস থেকে; এ আয়াতের ক্বয়দি আমি এ ক্বোরআনকে অবতীর্ণ করতাম কোন পাহাড়ের উপর

لَرَأَيْتَهُ خَاشِعًا مُتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللَّهِ ﴿يَا أَوَّلُ يَا آخِرُ﴾

লারাআয়তাহু- খা-শি'আম্ মুতাসাদ্দি'আম্ মিন্ খাশ'ইয়াতিল্লা-হি ইয়া- আউয়ালু ইয়া- আ-খিরু তাহলে অবশ্যই তুমি একে দেখতে পেতে বিনয়ী ও টুকরো টুকরো হয়ে পড়েছে এমন আল্লাহর ভয়ে। হে সর্বপ্রথম, হে সর্বশেষ,

يَا ظَاهِرُ يَا بَاطِنُ يَا قَدِيمُ يَا مُقِيمُ يَا قَوِيمُ اِطْمَسُ بِطَلْسَمِ

ইয়া- যোয়া-হিরু ইয়া- বাত্বিনু ইয়া- ক্বাদী-মু ইয়া- মুক্বী-মু ইয়া ক্বাভী-মু ইত্বমিস্ বিতোয়ালসামি হে যাহির, হে বাত্বিন, হে অনাদি, হে সর্বদা বিদ্যমান, হে চিরস্থায়ী হে সুদৃঢ়! নিশ্চিহ্ন করে দাও

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ شَرُّ سُوَيْدَاءِ قُلُوبِ أَعْدَائِنَا وَأَعْدَائِكَ

বিস্মিল্লা-হির্ রাহমা-নির রাহী-মি শাররা সুওয়ায়দা-ই ক্বলু-বি আ'দা-ইনা- ওয়া আ'দা-ইকা 'বিস্মিল্লাহির রাহমানির রাহীম'-এর 'ত্বলসম' (অলৌকিকত্ব) দ্বারা আমাদের ও তোমার শত্রুদের অন্তরগুলোর গভীরে বিদ্যমান অনিষ্ট থেকে

وَدُقِّ أَعْنَاقَ رُءُوسِ الظَّالِمَةِ بِسُيُوفِ نَشَاةٍ قَهْرِكَ وَسَطُوتِكَ

ওয়া দুক্ব্বা আ'না-ক্বা রুউ-সিয্ যোয়ালামাতি বিসুযু-ফি নাশ'আতি ক্বাহরিকা ওয়া সাত্বওয়াতিকা এবং মুচড়ে দাও যালিমদের সর্দারগুলোর ঘাড়সমূহকে তোমার প্রতাপ ও আধিপত্যের শক্তিশালী তলোয়ারগুলো দ্বারা।

وَاحْجُبْنَا بِحُجْبِكَ الْكَثِيفَةِ بِحَوْلِكَ وَقُوَّتِكَ وَقُدْرَتِكَ

ওয়াহজুবনা- বিহজুবিকাল্ কাসী-ফাতি বিহাওলিকা ওয়া ক্বুওয়াতিকা ওয়া ক্বুদরাতিকা  
আর আমাদেরকে আড়াল করে রাখ তোমার মোটা-গাঢ় হেজাবসমূহের মধ্যে। তোমার মহান কৌশল-শক্তি ও ক্বদরত দ্বারা তাদের (শত্রুদের)

عَنْ لَحْظَاتِ لَمَحَاتِ لَمَعَاتِ أَبْصَارِهِمُ الضَّعِيفَةِ بِعِزَّتِكَ وَسَطْوَتِكَ

‘আনঁ লাহাযোয়া-তি লামাহা-তি লাম‘আ-তি আবসোয়া-রিহিমুদ্ দ্বা‘ঈ-ফাতি বি‘ইয্যাতিকা ওয়া সাত্বওয়াতিকা।  
অতি দুর্বল দৃষ্টিগুলোর ভ্রঙ্কেপ, চমক ও দৃষ্টিপাত থেকে তোমার মহাসম্মান ও আধিপত্যের বরকতে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْمَغْفِرِ

ওয়া ‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ মিগ্ফার।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি (যুদ্ধচলাকালীন অবস্থায়) লৌহবর্ম পরিধানকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْفَرَجِ

ওয়া ‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ফারাজ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি প্রাচুর্য ও প্রশস্ততার মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْقَوْلِ وَالْقَلَمِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ক্বাওলি ওয়ালক্বালাম ।  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হৃদয়গ্রাহী বাণী ও প্রজ্ঞাপূর্ণ কলমের ধারক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مُّبَشِّرِنَا رَسُولُ صَاحِبِ الْبَيْتِ الْمُحَرَّمِ عَامِرُ كَعْبَةِ اللَّهِ

মুহাম্মাদিম্ মুবাশ্শিরুনা- রাসূ-লুন্ সোয়া-হিবুল্ বায়তিল্ মুহাররামি 'আ-মিরু কা'বাতিল্লা-হ্ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আমাদেরকে সুসংবাদদাতা, রাসূল, পরম সম্মানিত বায়তুল্লাহর আক্বা-মাওলা ও কা'বা শরীফকে আবাদকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الرُّكْنِ وَالْمَقَامِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ রুক্নি ওয়াল্ মাক্বা-ম ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি রুকন (হাজরে আসওয়াদ) ও মক্বামে ইব্রাহীমের মালিক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْمَوْقِفِ الْمُعْظَمِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ মাওক্বিফিল্ মু'আয্যাম ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সুমহান অবস্থানস্থল (মক্বাম-এ মাহমুদ)-এর মালিক ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ نُورٍ جُمْلَةَ الْعَالَمِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল নু-রি জুমলাতিল্ 'আ-লাম।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সারা পৃথিবীর নুররাজির উৎসস্থল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْوَرْدِ الْمُسْتَنِيمِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ ভির্দিল্ মুস্তানী-ম।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি মধুময় ঘাট বা অবতরণস্থল (হাওযে কাউসার)-এর মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْجَنَّةِ النَّعِيمِ

ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন সোয়া-হিবিল্ জান্নাতিন্ না'ঈ-ম।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি নি'মাতপূর্ণ জান্নাতের মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

بُرْهَانُ الْأَصْفِيَاءِ رَسُولُ صَاحِبِ الْوَحْيِ سَيِّدُ الْقَوْمِ عَرَبِيٌّ يَتِيمٌ اللَّهُ

বুর্হা-নুল আসফিয়া-ই রাসূ-লুন সোয়া-হিবুল ওয়াহয়ি সাইয়্যিদুল্ ক্বাওমি আরাবিয়্যুই ইয়াতী-মুল্লাহ্ ।  
যিনি চয়নকৃতদের বুর্হান বা দলীল, সম্মানিত রসূল, ওহীর ধারক, সকল জাতি-গোষ্ঠীর আক্বা-মাওলা, আরবীভাষী, আল্লাহ্ তা'আলার নিকট একক বিরল প্রিয় হাবীব ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ্! দুর্দুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَوْلَى مِنْ عِبَادِ اللَّهِ رَسُولُ صَاحِبِ الدَّارَيْنِ خَادِمٌ طِيبُ اللَّهِ

আওলা- মিন্ 'ইবা-দিলা-হি রাসূ-লুন সোয়া-হিবুদ্বা-রায়নি খা-দিমুন ত্বোয়ায়্যিবুল্লা-হ্ ।  
যিনি সকল সৃষ্টি থেকে আল্লাহ্ তা'আলার নিকট সর্বাধিক নিকটে, পরম সম্মানিত রাসূল, উত্তম জগতের মালিক, আল্লাহ্ তা'আলার দরবারের খেদমত আঞ্জামদাতা, আল্লাহ্ নিকট অতি পূত-পবিত্র ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ্! দুর্দুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র পবিত্র বংশধরের প্রতি,

سُلْطَانُ الْأَنْبِيَاءِ رَسُولُ صَاحِبِ الْفُرْقَانِ مَدَنِيٌّ مَكِّيٌّ شَكُورُ اللَّهِ

সুলত্বোয়া-নুল্ আন্বিয়া-ই রাসূ-লুন সোয়া-হিবুল্ ফুরক্বা-নি মাদানিয়্যুম্ মাঙ্কিইয়্যুন শাক্ব-রুল্লা-হ্ ।  
যিনি সকল নবী-রাসূলের বাদশাহ্, পরম সম্মানিত রাসূল, ফোরকানে হামীদ (ক্বোরআন)-এর ধারক, মাদানী, মক্কী, আল্লাহ্ তা'আলার সর্বাধিক কৃতজ্ঞতা প্রকাশকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ্! দুর্দুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার বংশধরের প্রতি,

سِرَاجِ الْأَوْلِيَاءِ رَسُولُ صَاحِبِ الْحُلَّةِ وَالْمِيزَانِ أَبْطَحِيٌّ قَرِيبُ اللَّهِ

সিরা-জিল্ আউলিয়া-ই রাসূলুন সোয়া-হিবুল্ হুল্লাতি ওয়াল্ মী-যা-নি আব্ত্বাহিয়্যুন্ ক্বারী-বুল্লা-হ্ ।  
যিনি ওলীগণের জন্য প্রদীপ্ত বাতি, পরম সম্মানিত রাসূল, অভিজাত-পোষাক ও মীযান (পাল্লা)-এর মালিক । আবত্বাহী (মক্বাবাসী) আল্লাহ্ তা'আলার অধিক নেকট্যধন্য ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَهْلُ التَّقْوَى رَسُولُ صَاحِبِ الطَّرِيقَةِ شِفَاءً فَصِيحُ اللَّهِ

আহলুত্ তাব্বুওয়া- রাসূ-লুন্ সোয়া-হিবুত্ ভোয়ারী-ক্বাতি শিফা-উন্ ফাসী-হুলা-হ্ ।  
যিনি সর্বোচ্চ তাক্বওয়ার অধিকারী, পরম সম্মানিত রসূল, সঠিক তরীক্বার প্রবর্তক, পরিপূর্ণ শেফা বা আরোগ্য, খোদাপ্রদত্ত প্রাজ্ঞ ও বিশ্বদ্বভাষী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَمْنَابِكَ أَنْتَ نَبِينَا رَسُولُ صَاحِبِ الْحَقِيقَةِ مُضَرِّي بِشِيرِ اللَّهِ

